

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
১নং কাওরান বাজার, টিসিবি ভবন (৭ম তলা), ঢাকা।
ওয়েব সাইট- www.roc.gov.bd

স্মারক নং-২৬.০৬.০০০০.০৯৩.০১.০২৫.১৩/

তারিখঃ ০৯/১১/২০১৭ খ্রিঃ।

কোটেশন/দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে সুপ্রতিষ্ঠিত সরবরাহকারী ও প্রস্তুতকারীদের নিকট হতে এ কার্যালয়ের ০২ জন গাড়ী চালকের গ্রীষ্মকালীন ও শীতকালীন পোষাক সরবরাহ করার জন্য আগামী ২৩/১১/২০১৭ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রে প্রতিটির জন্য পৃথক পৃথকভাবে মূল্যসহ মোট মূল্য অংক ও কথায় উল্লেখ করতে হবে। উক্ত দরপত্র আগামী ২৭/১১/২০১৭ খ্রিঃ তারিখ বেলা ১০.০০ টায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা মঞ্জুর করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

ক. গ্রীষ্মকালীন পোষাকঃ-


ক্রমিক নং	পোষাকের বিবরণ	মোট সংখ্যা
০১	হাফ সাফারী (চকোলেট রংয়ের)	০৬ (ছয়) সেট
০২	ক্যাপ	০৪ (চার) টি
০৩	জুতা (বুট) ০৪ জোড়া ও স্যান্ডেল সু ০৪ জোড়া (কালো রংয়ের)	০৮ (আট) জোড়া
০৪	মোজা (কালো রংয়ের)	০৮ (আট) জোড়া
০৫	ছাতা (কালো রংয়ের)	০২ (দুই) টি
০৬	নাম ফলক	০২ (দুই) টি

খ. শীতকালীন পোষাকঃ-

ক্রমিক নং	পোষাকের বিবরণ	সংখ্যা
০১	ফুল সাফারী, চকোলেট রংয়ের	০২ (দুই) সেট
০২	ভি-গলা ফুল সুয়েটার, নেভী ব্লু রংয়ের	০২ (দুই) টি

শর্তাবলীঃ-

- ১। যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের নামে প্রতিটি দরপত্রের সঙ্গে ১০০/- (একশত) টাকার মূল্যের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার (ফেরতযোগ্য) আর্নেস্ট মানি হিসাবে জমা দিতে হবে যা দরপত্রের স্পেসিফিকেশন অনুযায়ী সামগ্রী বুকে পাওয়ার পর ফেরত দেয়া হবে;
- ২। কার্যাদেশ প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে পোষাকের সঠিক মাপ নিতে হবে এবং মাপ গ্রহণের ১০ (দশ) দিনের মধ্যে উহা সরবরাহ করতে হবে। অন্যথায় আর্নেস্ট মানি বাবদ জমাকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নগদায়নের মাধ্যমে বাজেয়াপ্ত করা হবে;
- ৩। দরপত্রের সঙ্গে সরবরাহযোগ্য পোষাকের কাপড় ও রং দেখার জন্য নমুনা স্বরূপ ২" X ২" সাইজের টুকরা কাপড় দরপত্রের সঙ্গে সংযুক্ত করে দিতে হবে;
- ৪। উপরে বর্ণিত পোষাকাদি সরবরাহ গ্রহণের পর ০৩ (তিন) কপি বিল নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করতে হবে। প্রাপ্ত বিল প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা হতে পাশ হওয়ার পর ইস্যুকৃত চেক হস্তান্তরের মাধ্যমে বিল পরিশোধ করা হবে;
- ৫। সাজ-পোষাকের ক্ষেত্রে দেশীয় টেক্সটাইল এবং দেশীয় দ্রব্যসামগ্রীকে অগ্রাধিকার দেয়া হবে।



মোঃ হারুন-অর-রশীদ
সহকারী নিবন্ধক

স্মারক নং-২৬.০৬.০০০০.০৯৩.০১.০২৫.১৩/ ৬৭৮৬

তারিখঃ ০৯/১১/২০১৭ খ্রিঃ।

বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্যঃ

০১. নোটিশ বোর্ড।
০২. বাংলাদেশ সচিবালয়, ০১ ও ০২ নং গেইট।
০৩. সরবরাহ ও পরিদর্শন পরিদপ্তরের নোটিশ বোর্ড, ঢাকা।
- ০৪। আইটি শাখা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।


মোঃ হারুন-অর-রশীদ
সহকারী নিবন্ধক